গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়
পল্লী উন্নয়ন ও সমবায় বিভাগ
পরিকল্পনা-২ শাখা
www.rdcd.gov.bd

"বঙ্গবন্ধুর দর্শন
সমবায়ে উন্নয়ন"

স্মারক নম্বর: ৪৭.০০.০০০০.০৩৮.১৪.০০৬.২৩.৫৩

তারিখ: ১৯ বৈশাখ ১৪৩১
০২ মে ২০২৪

বিষয়: **সমবায় অধিদপ্তর কর্তৃক বাস্তবায়নাধীন "দুগ্ধ ও মাংস উৎপাদনের মাধ্যমে গ্রামীণ কর্মসংস্থান সৃষ্টির লক্ষ্যে যশোর ও মেহেরপুর জেলায় সমবায়ের কার্যক্রম বিস্তৃতকরণ (১ম সংশোধিত)" শীর্ষক প্রকল্পের ১০ম স্টিয়ারিং কমিটির সভার কার্যবিবরণী প্রেরণ সংক্রান্ত।**

উপর্যুক্ত বিষয়ের পরিপ্রেক্ষিতে জানানো যাচ্ছে, সমবায় অধিদপ্তর কর্তৃক বাস্তবায়নাধীন"দুগ্ধ ও মাংস উৎপাদনের মাধ্যমে গ্রামীণ কর্মসংস্থান সৃষ্টির লক্ষ্যে যশোর ও মেহেরপুর জেলায় সমবায়ের কার্যক্রম বিস্তৃতকরণ (১ম সংশোধিত)" শীর্ষক প্রকল্পের ওপর গত ১৭.০৪.২০২৪ তারিখে প্রকল্পের ১০ম স্টিয়ারিং কমিটির সভা পল্লী উন্নয়ন ও সমবায় বিভাগে অনুষ্ঠিত হয়। উক্ত সভার অনুমোদিত কার্যবিবরণী সদয় অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য নির্দেশক্রমে এতদসংগে প্রেরণ করা হলো।

সংযুক্তি: বর্ণনা মোতাবেক।

২-৫-২০২৪
মোহাম্মদ মিজানুর রহমান
উপসচিব (অতিরিক্ত দায়িত্ব)
ফোন: ২২৩৩৫১১৩৯
ফ্যাক্স: +৮৮-০২-৯৫১৪২৭৭
ইমেইল:
plan2.section@rdcd.gov.bd

বিতরণ :
১) সচিব, অর্থ বিভাগ, অর্থ মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা
২) সচিব, বাস্তবায়ন পরিবীক্ষণ ও মূল্যায়ন বিভাগ
৩) সদস্য, কৃষি পানি সম্পদ ও পল্লী প্রতিষ্ঠান বিভাগ (সদস্য)-এর দপ্তর, পরিকল্পনা কমিশন
৪) যুগ্ম সচিব, এনইসি-একনেক ও সমন্বয় অনুবিভাগ, পরিকল্পনা বিভাগ
৫) সদস্য, কার্যক্রম বিভাগ (সদস্য)-এর দপ্তর, পরিকল্পনা কমিশন
৬) সদস্য, সাধারণ অর্থনীতি বিভাগ (সদস্য)-এর দপ্তর, পরিকল্পনা কমিশন
৭) মহাপরিচালক (চলতি দায়িত্ব), প্রাণিসম্পদ অধিদপ্তর
৮) অতিরিক্ত সচিব, পরিকল্পনা ও উন্নয়ন অনুবিভাগ, পল্লী উন্নয়ন ও সমবায় বিভাগ

৯) নিবন্ধক ও মহাপরিচালক, সমবায় অধিদপ্তর
১০) যুগ্মসচিব, পরিকল্পনা ও উন্নয়ন অনুবিভাগ, পল্লী উন্নয়ন ও সমবায় বিভাগ
১১) প্রকল্প পরিচালক, "দুগ্ধ ও মাংস উৎপাদনের মাধ্যমে গ্রামীণ কর্মসংস্থান সৃষ্টির লক্ষ্যে যশোর ও মেহেরপুর জেলায় সমবায়ের কার্যক্রম বিস্তৃতকরণ (১ম সংশোধিত)" শীর্ষক প্রকল্প, সমবায় অধিদপ্তর,আগারগাঁও, ঢাকা।
১২) যুগ্ম-নিবন্ধক (পরিকল্পনা ও উন্নয়ন), সমবায় অধিদপ্তর, ঢাকা।
১৩) সিনিয়র সহকারী সচিব, এপিএ সেল, পল্লী উন্নয়ন ও সমবায় বিভাগ
১৪) সিস্টেম এনালিস্ট , আইসিটি ইউনিট, পল্লী উন্নয়ন ও সমবায় বিভাগ
১৫) ব্যক্তিগত কর্মকর্তা, সচিবের দপ্তর, পল্লী উন্নয়ন ও সমবায় বিভাগ

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়
পল্লী উন্নয়ন ও সমবায় বিভাগ
পরিকল্পনা-২ শাখা

**বিষয়: সমবায় অধিদপ্তর কর্তৃক বাস্তবায়নাধীন "দুগ্ধ ও মাংস উৎপাদনের মাধ্যমে গ্রামীণ কর্মসংস্থান সৃষ্টির লক্ষ্যে যশোর ও মেহেরপুর জেলায় সমবায়ের কার্যক্রম বিস্তৃতকরণ (১ম সংশোধিত)" শীর্ষক প্রকল্পের স্টিয়ারিং কমিটি (পিএসসি)'র ১০ম সভার কার্যবিবরণী।**

সভাপতি : মোসাম্মৎ হামিদা বেগম
সিনিয়র সচিব, পল্লী উন্নয়ন ও সমবায় বিভাগ
সভার তারিখ : ১৭ এপ্রিল, ২০২৪ খ্রিষ্টাব্দ
সভার সময় : বিকাল ৩:০০ ঘটিকা
স্থান : পল্লী উন্নয়ন ও সমবায় বিভাগের সম্মেলন কক্ষ ও জুম প্লাটফর্ম।
উপস্থিতি : পরিশিষ্ট-"ক" সদয় দ্রষ্টব্য।

**২.০ উপস্থাপনা ও আলোচনা:**

সভাপতি উপস্থিত সকলকে স্বাগত জানিয়ে সভার কার্যক্রম শুরু করেন। সভাপতির অনুমতিক্রমে অতিরিক্ত সচিব (পরিকল্পনা ও উন্নয়ন), আলোচ্যসূচী অনুযায়ী উপস্থাপনের জন্য প্রকল্প পরিচালককে অনুরোধ করেন। প্রকল্প পরিচালক আলোচ্যসূচি অনুযায়ী কার্যপত্র উপস্থাপন করেন, যা নিম্নরূপ:

**২.১ গত সভার কার্যবিবরণী নিশ্চিতকরণ:**

| আলোচনা | সিদ্ধান্ত |
|---|---|
| সভায় জানানো হয়, ৩০-০১-২০২৪ তারিখে অনুষ্ঠিত প্রকল্পের স্টিয়ারিং কমিটির ৯ম সভার কার্যবিবরণী সংশ্লিষ্ট সকলের নিকট প্রেরণ করা হয়েছে। প্রেরিত কার্যবিবরণীতে কোন সংশোধনী প্রস্তাব থাকলে তা সভায় অবহিতকরণের জন্য অনুরোধ করা হয়। কোন সংশোধনী প্রস্তাব না থাকলে কার্যবিবরণী দৃঢ়ীকরণ করা যেতে পারে। | কোন সংশোধনী প্রস্তাব না থাকায় স্টিয়ারিং কমিটির ৯ম সভার কার্যবিবরণী সর্বসম্মতিক্রমে দৃঢ়ীকরণ করা হলো। |

**২.২ গত স্টিয়ারিং কমিটির সভায় গৃহীত সিদ্ধান্তসমূহের বাস্তবায়ন অগ্রগতি পর্যালোচনা:**

প্রকল্পের স্টিয়ারিং কমিটির ৯ম সভা গত ৩০-০১-২০২৪ তারিখে অনুষ্ঠিত হয়। উক্ত সভায় গৃহীত সিদ্ধান্তসমূহের বাস্তবায়ন অগ্রগতি নিম্নরূপভাবে সভায় উপস্থাপন করা হয়।

| ক্র: নং | গত সভার সিদ্ধান্ত | বাস্তবায়ন অগ্রগতি |
|---|---|---|
| ১. | প্রকল্পের লক্ষ্যমাত্রা মোতাবেক কার্যক্রম অব্যাহত রাখতে হবে। | প্রকল্পের লক্ষ্যমাত্রা মোতাবেক কার্যক্রম নিষ্পন্ন করা হচ্ছে। |
| ২. | পরবর্তী পিএসসি সভায় বিস্তারিত কর্মপরিকল্পনা উপস্থাপন করতে হবে। | অবকাঠামোর নকশা ভেটিং এর জন্য স্থাপত্য অধিদপ্তরে প্রক্রিয়াধীন আছে। আগামী সপ্তাহে নকশার ভেটিং সম্পন্ন হবে মর্মে প্রকল্প পরিচালক সভাকে অবহিত করেন। তাছাড়া অবকাঠামো নির্মাণের জন্য স্থানীয় সরকারের অনুমোদন সংক্রান্ত পত্রটি নিষ্পন্ন হয়েছে। তা আজ অফিস সময়ের মধ্যে হাতে পাওয়া যাবে। |
| ৩. | অবকাঠামো নির্মাণ সংক্রান্ত 'ডিজাইন' স্থাপত্য অধিদপ্তর হতে ভেটিং গ্রহণ করতে হবে। | নির্ধারিত মেয়াদের মধ্যে অর্থাৎ ০২ মাসের মধ্যে অবকাঠামো নির্মাণ সম্ভব নয়। অবকাঠামো নির্মাণ করতে হলে প্রকল্পের মেয়াদ অবশ্যই বাড়াতে হবে। |

| ক্র: নং | গত সভার সিদ্ধান্ত | বাস্তবায়ন অগ্রগতি |
|---|---|---|
| ৪. | অবকাঠামো নির্মাণের জন্য নির্ধারিত জায়গাটি এই প্রকল্পের অনুকূলে বরাদ্দের জন্য স্থানীয় সরকার বিভাগের সম্মতি /অনুমোদনের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করতে হবে। | প্রকল্পের মেয়াদ কম থাকায় অবকাঠামো নির্মাণ কার্যক্রম সম্ভব নয়। |

**৩.০ প্রকল্পের বাস্তবায়ন অগ্রগতি পর্যালোচনা:**

৩.১ উপসচিব (পরিকল্পনা-২), পল্লী উন্নয়ন ও সমবায় বিভাগ জানান যে, প্রকল্পটির প্রাক্কলিত ব্যয় ৫৩২১.০০ লক্ষ টাকা। ফেব্রুয়ারি, ২০২৪ পর্যন্ত সময়ে ক্রমপুঞ্জিভূত অগ্রগতি: আর্থিক: ৪৬৩৫.১০ লক্ষ টাকা (৮৭.১১%) এবং বাস্তব: ৮৭.১১%। ২০২৩-২৪ অর্থ বছরের এডিপিতে মোট ১০৫.০০ লক্ষ টাকা বরাদ্দ রয়েছে। মার্চ, ২০২৪ পর্যন্ত সময়ে অর্থ অবমুক্ত হয়েছে মোট ৭২.২৪ লক্ষ টাকা। আর্থিক অগ্রগতি: ৪৭.২১ লক্ষ টাকা (৪৪.৯৬%) এবং বাস্তব অগ্রগতি ৮৫%। তিনি আরও জানান যে, আরএডিপি মোতাবেক ৪৫২.০০ লক্ষ টাকা বরাদ্দ রয়েছে। তিনি জানান যে, অবকাঠামো নির্মাণ ব্যতীত অন্যান্য কাজ যথানিয়মে চলছে।

৩.২ সভায় জরীপ, প্রশিক্ষণ ও ঋণ প্রদান সংক্রান্ত পরিকল্পনা উপস্থাপন করা হয়। দুই একটি প্রশিক্ষণ ও অবকাঠামো নির্মাণ ব্যতিরেকে অন্যান্য কাজ প্রকল্পের নির্ধারিত মেয়াদে সম্পাদন করা সম্ভব মর্মে সভায় অবহিত করা হয়।

সভায় জানানো হয় যে, অবকাঠামোর নকশা ভেটিং এর জন্য স্থাপত্য অধিদপ্তরে প্রক্রিয়াধীন আছে। তা আগামী সপ্তাহে সম্পন্ন হবে মর্মে প্রকল্প পরিচালক সভাকে অবহিত করেন। তাছাড়া অবকাঠামো নির্মাণের জন্য স্থানীয় সরকারের অনুমোদন সংক্রান্ত পত্রটি নিষ্পন্ন হয়েছে। তা ঐ দিনই অফিস সময়ের মধ্যে পাওয়া যাবে।

৩.৩ উপসচিব (পরিকল্পনা-২), পল্লী উন্নয়ন ও সমবায় বিভাগ বলেন যে, নির্ধারিত মেয়াদের মধ্যে অর্থাৎ ০২ মাসের মধ্যে অবকাঠামো নির্মাণ সম্ভব নয়। অবকাঠামো নির্মাণ করতে হলে প্রকল্পের মেয়াদ অবশ্যই বাড়াতে হবে। সিনিয়র সচিব, পল্লী উন্নয়ন ও সমবায় বিভাগ বলেন, অতিরিক্ত অর্থ যদি প্রয়োজন হয় তাহলে তা পাওয়া যেতে পারে। কিন্তু কোনো প্রকল্পের সময় বাড়ানো সম্ভব হবে না। প্রকল্প পরিচালক বলেন, প্রকল্পটি ডিপিপি মোতাবেক জুন, ২৪ এর মধ্যে সমাপ্ত হওয়ার জন্য নির্ধারিত থাকলেও তা পরিকল্পনা মোতাবেক এ অর্থ বছরের জন্য নির্ধারিত সমাপ্ত তালিকার মধ্যে নেই। কাজেই পরিকল্পনা কমিশনের এ সংক্রান্ত নির্দেশনা এ প্রকল্পের জন্য প্রযোজ্য নয়।

৩.৪ পরিকল্পনা কমিশনের অতিরিক্ত সচিব ড. অঞ্জন কুমার দেব অবকাঠামো কেন নির্মাণ করা দরকার? এটা বাদ দিয়ে প্রকল্প সমাপ্ত করলে কোন সমস্যা আছে কিনা সে সম্পর্কে জানতে চান।

৩.৫ সিনিয়র সচিব, পল্লী উন্নয়ন ও সমবায় বিভাগ সভাকে অবহিত করেন যে, যারা সমবায়ী তারা যখন অফিসে টাকা জমা দিতে আসে তারা কোথায় টাকা জমা দিবে, কোথায় বসবে, তাদের কিছু বার্তা শুনতে হয়, মতবিনিময় সভা করতে হয়। সে কারণে গত বছর স্থানীয় উপজেলার সাথে সাবেক প্রতিমন্ত্রী মহোদয় কথা বলে মনিরামপুর উপজেলায় ভবন নির্মাণের জন্য জায়গার সংস্থান করেছেন। এ প্রসঙ্গে সিনিয়র সচিব, পল্লী উন্নয়ন ও সমবায় বিভাগ প্রকল্পের আওতায় ভবন তৈরির পর এর পরবর্তী প্রভাব কি হবে এবং এই ভবনটি উপজেলা পরিষদ কি সমবায় অধিদপ্তর-কে ছেড়ে দেবে কিনা সে বিষয়ে জানতে চান।

৩.৬ পরিকল্পনা কমিশনের অতিরিক্ত সচিব ড. অঞ্জন কুমার দেব সিনিয়র সচিব, পল্লী উন্নয়ন ও সমবায় বিভাগের সাথে একমত পোষণ করে সভাকে অবহিত করেন যে, বাস্তবতার নিরিখে এবং ২০৫০ সালকে পরিকল্পনা রেখে পরিকল্পনা কমিশন হতে উপজেলা পরিষদ আধুনিকায়ন প্রকল্প (২য় পর্যায়) গ্রহণ করা হয়েছে। এখানে ছয় তলা বিশিষ্ট ভবন নির্মাণ করা হবে। এটা ইতোমধ্যে একনেক শাখায় আছে এবং অতি দ্রুত পাশ হয়ে যাবে। সে কারণে এই মুহূর্তে দেশের সার্বিক অবস্থা বিবেচনা করে এই অবকাঠামো নির্মাণ করা যৌক্তিক হবে না মর্মেও মতামত ব্যক্ত করেন।

৩.৭ সিনিয়র সচিব, পল্লী উন্নয়ন ও সমবায় বিভাগ অতিরিক্ত সচিব ড. অঞ্জন কুমার দেব, পরিকল্পনা কমিশন এর সাথে একমত পোষণ করেন এবং এরকম কোনো অবকাঠামো প্রকল্পের অর্থায়নে করা যৌক্তিক হবে না বলে মন্তব্য করেন। অতিরিক্ত সচিব (পরিকল্পনা ও উন্নয়ন), পল্লী উন্নয়ন ও সমবায় বিভাগ ৩০ জুনের মধ্যে অবকাঠামো নির্মাণ ব্যতিরেকে প্রকল্প সমাপ্তকরণের বিষয়ে একমত প্রকাশ করেন। অর্থ বিভাগের প্রতিনিধি বলেন যে, শুধুমাত্র ২তলা একটা ভবন নির্মাণ করার জন্য প্রকল্পের সময় বৃদ্ধি করার প্রয়োজন নেই।

৩.৮ নিবন্ধক ও মহাপরিচালক, সমবায় অধিদপ্তর বলেন, উপজেলা পর্যায়ে সমবায় অফিসে জায়গায় সংকট থাকে। কর্মকর্তা/কর্মচারিগণের জায়গার সংকুলন হয় না। তাছাড়া প্রকল্পের আওতায় গঠিত আবর্তক তহবিল হতে জনবল নিয়োগ করা হয়েছে। যার কারণে অফিসে বসার জায়গা হয় না। যদি অবকাঠামোটি তৈরি করা হয় তাহলে সমবায় অফিস সেখানে চলে যাবে, সমবায়ীদের সভা-সমাবেশ করা সম্ভব হবে।

৩.৯ কার্যক্রম বিভাগের প্রতিনিধি জনাব জেসমুন নাহার (উপসচিব) বলেন, প্রকল্পটা অসমাপ্ত রেখে সমাপ্ত করলে একটা পিইসি সভা করতে হবে।

৩.১০ প্রকল্প পরিচালক জনপ্রশাসন মন্ত্রী মহোদয়ের উপ আনুষ্ঠানিক নোটের উদ্বৃতি দিয়ে মণিরামপুরে যে ২০০ জন সুবিধাভোগীকে ঋণ প্রদান করা হয়নি তাদের পরিবর্তে মেহেরপুর সদরে নতুন ২০০ জনকে ঋণ সুবিধা দেওয়া যায় কি-না এবং মেহেরপুর সদরে সুবিধাভোগীর সংখ্যা আরো ১০০০ জন বৃদ্ধি করা যায় কিনা সে বিষয়ে সভার মতামত কামনা করেন।

৩.১১ সভায় অভিমত ব্যক্ত করা হয় যে, ডিপিপি সংশোধন ব্যতীত প্রস্তাবিত কোন কার্যক্রম বাস্তবায়ন করা সম্ভব নয়। যেহেতু প্রকল্পটি ৩০ জুন শেষ হবে সেহেতু এই প্রকল্পের সাকসেস স্টোরি দেখে সমবায় অধিদপ্তর অনুরূপ নতুন কোন প্রকল্প অনুমোদনপূর্বক বাস্তবায়ন করতে পারে।

৩.১২ সিনিয়র সচিব, পল্লী উন্নয়ন ও সমবায় বিভাগ বলেন, জুন ২০২৪ এর মধ্যে প্রকল্পটি শেষ করতে হবে। সভায় অবকাঠামো ছাড়া বাকী কাজগুলো সমাপ্ত করার জন্য প্রকল্প পরিচালককে নির্দেশনা প্রদান করা হয়।

**৪.০ সিদ্ধান্ত:**

বিস্তারিত আলোচনান্তে সভায় সর্বসম্মতিক্রমে নিম্নরূপ সিদ্ধান্ত গৃহীত হয়:

৪.১ আগামী ৩০ জুন, ২০২৪ তারিখে মধ্যে প্রকল্পটি অসমাপ্ত প্রকল্প হিসাবে সমাপ্ত করতে হবে।

৪.২ প্রকল্পের লক্ষ্যমাত্রা মোতাবেক অবশিষ্ট সময়ে অবকাঠামো নির্মাণ ব্যতিরেকে অন্যান্য সকল কার্যক্রম নিষ্পন্ন করতে হবে।

৪.৩ সুবিধাভোগী নির্বাচন ও ঋণ প্রদান ডিপিপি মোতাবেক নিষ্পন্ন করতে হবে।

৪.৪ প্রকল্পটির সাকসেস স্টোরি দেখে সমবায় অধিদপ্তর অনুরূপ নতুন প্রকল্প গ্রহণ করতে পারে।

**৫.০** সভায় আর কোন আলোচনা না থাকায় সভাপতি উপস্থিত সকলকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করেন।

২৪।৪।২০২৪

মোসাম্মৎ হামিদা বেগম
সিনিয়র সচিব
পল্লী উন্নয়ন ও সমবায় বিভাগ।